Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৯

তারিখ: ১৮ জৈষ্ঠ্য ১৪২৭ / ০১ জুন ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতিতে ডিপিএস ও বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি বিলম্বে জমা প্রসঙ্গে।

নভেল করোনা ভাইরাসের কারণে সৃষ্ট কোভিড-১৯ রোগের বিস্তার ও সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক ২৬ মার্চ ২০২০ হতে ৩০ মে ২০২০ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করা হয়। সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি চলাকালীন গণপরিবহন চলাচল বন্ধ এবং জরুরি প্রয়োজন ব্যতীত জনসাধারণের বাইরে যাওয়া/ভ্রমণে নিষেধাজ্ঞা থাকায় অনেক আমানতকারীর পক্ষেই তাদের ডিপোজিট পেনশন স্কিম (ডিপিএস) ও বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি নির্ধারিত সময়ে ব্যাংকে জমা করা সম্ভব হয়নি।

০২। উল্লিখিত প্রেক্ষাপটে, আমানতকারীগণের চলাচলের সীমাবদ্ধতার বিষয়টি বিবেচনায় ডিপিএস ও বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি বিলম্বে জমা প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

(ক) এপ্রিল ও মে, ২০২০ মাসের কিস্তি বিলম্বে জমা প্রদান করার ক্ষেত্রে কোন ধরনের বিলম্ব ফি/চার্জ/অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। তাছাড়া, উক্ত সময়ে কোন সঞ্চয়ী স্কিমের কিস্তি পরিশোধে অসমর্থতার কারণে তা বন্ধ বা বাতিল করা যাবে না;

(খ) তবে শর্ত থাকে যে, আমানতকারীগণ কর্তৃক আগামী ২০ জুন ২০২০ তারিখের মধ্যে এপ্রিল ও মে, ২০২০ মাসের নির্ধারিত কিস্তি জমা করতে হবে; এবং

(গ) এপ্রিল ও মে, ২০২০ মাসের কিস্তি বিলম্বে জমা প্রদান করার কারণে কোন আমানতকারীর নিকট হতে ইতোমধ্যে কোন ধরণের বিলম্ব ফি/চার্জ/অতিরিক্ত অর্থ আদায় করা হয়ে থাকলে তা সংশ্লিষ্ট আমানতকারীর হিসাবে ফেরত প্রদান/সমন্বয় করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২